স্বাস্থ্য পরীক্ষায় খালেদা জিয়া এভারকেয়ার হাসপাতালে ভর্তি



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার অংশ হিসেবে রবিবার (২৩ নভেম্বর) রাতে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি হয়েছেন। বিষয়টি নিশ্চিত করেছেন তাঁর ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক এ জেড এম জাহিদ হোসেন।

তিনি জানান, মেডিকেল বোর্ডের পরামর্শে কয়েকটি গুরুত্বপূর্ণ পরীক্ষা সম্পন্ন করতে খালেদা জিয়াকে হাসপাতালে নেওয়া হয়েছে। তিনি বর্তমানে কেবিনে ভর্তি আছেন। পরীক্ষার ফল হাতে এলে বোর্ড পরবর্তী চিকিৎসা–সংক্রান্ত সিদ্ধান্ত নেবে।

এর আগে সন্ধ্যা সাড়ে ৭টার দিকে গুলশানের বাসভবন ‘ফিরোজা’ থেকে হাসপাতালে যান বিএনপি প্রধান। মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানান, নির্ধারিত মেডিকেল পরীক্ষা করানোর উদ্দেশ্যেই এই ভর্তি।

গত ১৫ অক্টোবরও তিনি একই হাসপাতালে শারীরিক পরীক্ষা-নিরীক্ষার জন্য ভর্তি হয়েছিলেন এবং একদিন পর বাসায় ফিরে যান।

৭৯ বছর বয়সী বেগম জিয়া দীর্ঘদিন ধরে আর্থ্রাইটিস, ডায়াবেটিস, কিডনি, ফুসফুস ও চোখের জটিলতাসহ নানা শারীরিক সমস্যায় ভুগছেন।